

DD(১৪) T20

২৫/১১/২০

বেসামরিক বিমান  
সদস্য সংখ্যা ৬৩৪  
তারিখ: ২৫/১১/২০

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)  
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা  
www.caab.gov.bd



নম্ব নং-৩০.৩১.০০০০.২২১.৬৫.০৬৯.০১. ৪৬০৬

ACD/১১০৪  
২৫/১১/২০

তারিখ: ২৫-১১-২০২০ খ্রিঃ।

অফিস আদেশ

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তরস্থ ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস বিভাগে সংযুক্তিতে কর্মরত জনাব মোঃ নাজিবুল ইসলাম মজুমদার, সহকারী এর বিরুদ্ধে বেগম শামীমা আক্তার লাকী, বাড়ী নং-৬৮, হাজী মার্কেট, আশকোনা, উত্তরা, ঢাকা হতে একটি অভিযোগ পাওয়া যায়। অভিযোগপত্রে তিনি উল্লেখ করেন যে, বিগত ১৩/১২/২০১৯ তারিখ যৌতুকের জন্য তার স্বামী জনাব মোঃ নাজিবুল ইসলাম মজুমদার তাকে মারধর করে বাসা থেকে বের করে দেয় এবং বিগত সময়ে তিনি ও তার ২ (দুই) সন্তানের কোন খোজ-খবর ও ভরন-পোষণ দিচ্ছেন না। তিনি সন্তানদের নিয়ে বাবার বাসায় অবস্থান করছেন। এর প্রেক্ষিতে কোন উপায় না পেয়ে তিনি বিগত ০৮/০৯/২০২০ তারিখ মোঃ নাজিবুল ইসলাম মজুমদার এর নামে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৪ ঢাকাত্তে নারী ও শিশু নির্যাতন মামলা নং-২০৩/২০২০ দায়ের করেন। বিজ্ঞ আদালত উক্ত মামলায় আসামীর বিরুদ্ধে শ্রেফতারি পরোয়ানা ইস্যু করলে বিগত ০৪/১১/২০২০ তারিখ উত্তরা পশ্চিম থানা পুলিশ আসামীকে শ্রেফতার করে বিজ্ঞ আদালতে প্রেরণ করলে বিজ্ঞ আদালত আসামীকে সি/ডব্লিউ মূলে জেল হাজতে প্রেরণ করেন।

২.০ বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৪ ঢাকার আদালত নারী ও শিশু নিঃ দমন ট্রাঃ মামলা নং-২০৩/২০২০ এর ০৪/১১/২০ তারিখের আদেশবলে জনাব মোঃ নাজিবুল ইসলাম মজুমদার কে জেল হাজতে প্রেরণ করার উক্ত অভিযোগে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৪৫(৫) প্রবিধি মোতাবেক জনাব মোঃ নাজিবুল ইসলাম মজুমদার, সহকারী কে জেল হাজতে প্রেরণের তারিখ অর্থাৎ ০৪/১১/২০২০ খ্রিঃ তারিখ হতে 'সাময়িকভাবে বরখাস্ত' করা হলো।

৩.০ সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরাকি ভাতা প্রাপ্য হবেন এবং জামিন হওয়ার পর প্রতিদিন অফিস সময়ে সদর দপ্তর, প্রশাসন বিভাগে উপস্থিত থাকবেন।

৪.০ এ আদেশ ০৪/১১/২০২০ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

২৫/১১/২০

(মোঃ মিজানুর রহমান)  
সদস্য (প্রশাসন)  
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।  
৮৯০১০৬৮

বিতরণ:

- ১। সদস্য (ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (স.ক.ভ.ত), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৭। জনাব মোঃ নাজিবুল ইসলাম মজুমদার, সহকারী, ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস বিভাগ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।